

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭০

আগরতলা, ২৮ জুন, ২০২৪

**১৫তম প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া পুনর্গঠন
সদস্যপদের জন্য আবেদনপত্র আহ্বান**

তিন বছর মেয়াদি প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া'র মেয়াদ আগামী ৫ অক্টোবর, ২০২৪ শেষ হতে চলেছে। তাই ১৫তম প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া গঠনের জন্য বর্তমান প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া যোগ্য প্রার্থীদের কাছ থেকে সদস্যপদের জন্য আবেদনপত্র আহ্বান করেছে। প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৮-এর ৫ নং ধারার ৪ নং উপধারা অনুযায়ী কর্মরত সাংবাদিকদের মধ্যে যারা সম্পাদক বা অন্যান্য পদে রয়েছেন তারা ছোট, মাঝারি ও বড় সংবাদপত্রের মালিক কিংবা পরিচালনায় রয়েছেন এমন ব্যক্তিবর্গ এবং যারা নিউজ এজেন্সি চালান এমন ব্যক্তিগণ প্রেস কাউন্সিল পুনর্গঠনে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৪ জুলাই, ২০২৪। এ সংক্রান্ত সমস্ত তথ্য www.presscouncil.nic.in ওয়েবসাইটে পাওয়া যাবে।
